

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা।

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-৯৫৫০৮৭৩

Website: www.janatabank-bd.com

নির্দেশ বিজ্ঞপ্তি নং-...../১৭

তারিখ : ১১ সেপ্টেম্বর ২০১৭ ইং
২৭ ভাদ্র ১৪২৪ বাং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব,সিইও এন্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন
কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরম রেমিট্যান্স ডিপার্টমেন্ট এ তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

প্রধান কার্যালয়ের জারীকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং-৬২৫/২০১৫ তাং-১৯/০৮/২০১৫ অনুসরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হ'ল।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম আগামী ১২/০৯/২০১৭ ইং তারিখ হতে শুরু হয়ে ০৫/১০/২০১৭ ইং তারিখ পর্যন্ত চলবে মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমাদের অবহিত করেছে। এ ক্ষেত্রে ব্যাংক কর্তৃক নিম্নোক্ত কার্যসম্পাদন করতে হবে।

- (ক) ভর্তিচ্ছু প্রার্থী বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (admission.eis.cu.ac.bd) থেকে পে-ইন স্লিপ ডাউনলোড করে জনতা ব্যাংকের যে কোন শাখায় ভর্তির আবেদন ফি বাবদ ৫৬৫/- (পাঁচ শত পয়ষষ্টি) টাকা জমা দিবেন। জমা গ্রহণের সময় পে-ইন স্লিপের উভয় অংশে আবেদনকারীর একই ছবি আছে কি না এবং স্বাক্ষর করেছে কি না তা নিশ্চিত হয়ে ছবি দুটিতে ব্যাংকের গোল সিল দিতে হবে। প্রত্যেকটি আবেদনপত্রের ব্যাংক কপির অপর পৃষ্ঠায় অবশ্যই শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বর লেখা আছে মর্মে নিশ্চিত হতে হবে।
- (খ) আদায়কৃত টাকার মধ্যে ৫৪৫/- (পাঁচ শত পয়তাল্লিশ) টাকা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা করতে হবে। অবশিষ্ট ২০/- (কুড়ি) টাকার মধ্যে ১৭/- (সতের) টাকা “আয় খাত বিবিধ” এবং ৩/- (তিন) টাকা “ভ্যাট” হিসেবে সরকারী কোষাগারে জমা করতে হবে।
- (গ) আবেদনকারীর তথ্য JB Solution এ Login করে University Admission System এর মাধ্যমে তাৎক্ষণিক প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই বিলম্বে অথবা পরবর্তী কর্মদিবসের জন্য অপেক্ষা করা যাবেনা।
- (ঘ) শাখা হতে প্রেরিত তথ্যে PIN অথবা AID সংক্রান্ত ভুল থাকলে তা University Admission System এর মাধ্যমে অবহিত হতে হবে এবং সংশ্লিষ্ট তথ্য সংশোধন/Edit করতে হবে। নির্দিষ্ট সময়ের (একই কর্মদিবস) মধ্যে সঠিক তথ্য প্রেরণে ব্যর্থ হলে উক্ত পরিস্থিতির দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।


পাতা-২

বিষয় ৪-চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট এ তাত্ক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।


- (ঙ) প্রতিদিনের সংগৃহীত অর্থ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য শাখায় পূর্বে খোলা চলতি হিসাবে জমা রাখতে হবে। আগামী ১২/০৯/২০১৭ ইং হতে ০৫/১০/২০১৭ ইং তারিখ পর্যন্ত সংগৃহীত ফি অবশ্যই ১২/১০/২০১৭ ইং তারিখের মধ্যে JB Remittance Payment System (সিআইবিটিসিএ) এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখায় রক্ষিত-“DHAKA UNIVERSITY ADMISSION” শিরোনামীয় STD A/C 0100003583354 এ প্রেরণ করতে হবে এবং ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্টকে ই-মেইলে duadmission@janataremitt.com.bd অবহিত করতে হবে। উল্লেখ্য সংগৃহীত টাকা প্রেরণের পূর্বে অবশ্যই ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট হতে প্রেরিত তথ্যের সাথে মিলাতে হবে এবং কোনক্রমেই সংগৃহীত টাকা উল্লেখিত হিসাবে Online/T24-এর মাধ্যমে জমা করা যাবে না। এ ক্ষেত্রে গরমিল পরিলক্ষিত হলে জনাব মোঃ মনিরুল ইসলাম, পিও (আইটি) এবং নেওয়াজ মোঃ বাকী বিল্লাহ, এসও (আইটি) এফআরডি (ফোন : ০২-৯৫১৫৩০৪, ০২-৪৭১১৬০৭৩, ০১৫৫৬৩২৪৭২১) এর সাথে যোগাযোগ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে(১২/১০/২০১৭) অর্থ প্রেরণে ব্যর্থ হলে উদ্ভূত পরিস্থিতির দায় সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।
- (চ) বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসের করণীয় ৪- বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস সমূহ তাদের আওতাধীন শাখা সমূহের সংগৃহীত তথ্য ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট এ এবং ফি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।
- (ছ) কোন শাখা হতে University Admission System এ তথ্য প্রেরণে প্রযুক্তিগত সমস্যার সম্মুখীন হলে প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেম ডিপার্টমেন্ট এর JB Solution Support Cell এ যোগাযোগ করতে হবে।
- (জ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক ভর্তি পরীক্ষা ফি জমা গ্রহণের সময়সীমা বর্ধিত হলে প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক শাখাসমূহকে তা ই-মেইলযোগে অবহিত করা হবে।

এমতাবস্থায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তির আবেদন পত্রের ফি ব্যাংকের যে কোন শাখায় ১২/০৯/২০১৭ ইং তারিখ হতে শুরু হয়ে ০৫/১০/২০১৭ ইং তারিখ পর্যন্ত জমা গ্রহণসহ আবেদনকারীর তথ্য JB Solution এ Login করে University Admission System এর মাধ্যমে তাত্ক্ষণিকভাবে প্রেরণ করতে হবে।

উক্ত তথ্য এফআরডি হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্ভারে প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।


(মোঃ আবদুর রউফ)
উপ-মহাব্যবস্থাপক

আপনার বিশ্বস্ত,


(মোঃ শামসুল হক)
মহাব্যবস্থাপক